স্মারক নং- ৩৪.০০.০০০০.০৯২.০১৪.০০৭.২০২১- ১০৩ তারিখঃ ০৭ চৈত্র, ১৪২৯ বং / ২১ মার্চ, ২০২৩ খ্রিঃ

-'প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র সভার বিজ্ঞপ্তি-

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন **"চাঁদপুর জেলা স্টেডিয়াম ও সুইমিংপুলের অধিকতর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম নির্মাণ এবং শরীয়তপুর জেলা সদরে ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্ট নির্মাণ"** শীর্ষক প্রকল্পের ওপর 'প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র সভা আগামী ২৭-০৩-২০২৩ খ্রিঃ তারিখ (সোমবার), দুপুর- ০২:৫০ টায় সভা (অনলাইন প্লাটফর্ম zoom এ) মন্ত্রণালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন মন্ত্রণালয়ের সচিব ড. মহিউদ্দীন আহমেদ।

০২। সভার আলোচ্যসূচিঃ

(ক) ২০২২-২৩ অর্থবছরে মার্চ/২০২৩ পর্যন্ত প্রকল্পের অগ্রগতি (ভৌত ও আর্থিক) পর্যালোচনা;

(খ) প্রকল্প বাস্তবায়ন সমস্যা/নীতিগত সিদ্ধান্তের বিষয়ে আলোচনা;

(গ) বিবিধ।

০৩। সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত/ভার্চুয়ালি (zoom App এর মাধ্যমে) সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

| | | |
|---|---|---|
| Zoom Meeting Link | : | https://us06web.zoom.us/j/89202260245?pwd=Wjlid0J3UzBGTzdrUGp5aWMycUNldz09 |
| Meeting ID | : | 892 0226 0245 |
| Password | : | 1234 |

২১.০৩.২০২৩

(মোঃ তোফায়েল হোসেন)
সহকারী সচিব (পরিকল্পনা- ০৪ শাখা)
ফোন নং- ০২৪৭১২৪৪৩৫

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ- যুগ্মসচিব, বাজেট-০৭]।
০২। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃঃ আঃ যুগ্মপ্রধান]।
০৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃঃ আঃ- যুগ্মপ্রধান]।
০৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃঃ আঃ- মহাপরিচালক, শিক্ষা-সামাজিক সেক্টর]।
০৫। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃঃ আঃ- যুগ্মপ্রধান, স্কাইসোয়াম উইং]।
০৬। অতিরিক্ত সচিব (ক্রীড়া- ০১ অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। যুগ্মপ্রধান, এনইসি একনেক-সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৮। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা- ১০০০।
০৯। যুগ্মসচিব (পরিকল্পনা- ০৩ শাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, **"চাঁদপুর জেলা স্টেডিয়াম ও সুইমিংপুলের অধিকতর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম নির্মাণ এবং শরীয়তপুর জেলা সদরে ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্ট নির্মাণ"** শীর্ষক প্রকল্প, জাতীয় ক্রীড়া পরিষদ, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা [সভায় প্রকল্পের হালনাগাদ আর্থিক ও বাস্তব অগ্রগতি এবং প্রতিটি কম্পোনেন্টের পৃথক পৃথক তথ্যসহ সংযুক্ত থাকার অনুরোধসহ]।
১১। পরিচালক (পঃ ও উঃ), জাতীয় ক্রীড়া পরিষদ, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা।
১২। উপসচিব (উন্নয়ন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

০১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-০১), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সহকারী পরিচালক (পঃ ও উঃ)/পরিকল্পনা কর্মকর্তা, জাতীয় ক্রীড়া পরিষদ, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা [সভায় প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের অনুরোধসহ]।
০৫। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা- ০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৯২.০১৪.০০৭.২০২১- ১০৪

তারিখঃ ০৭ চৈত্র, ১৪২৯ বং
২১ মার্চ, ২০২৩ খ্রিঃ

-'প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র সভার বিজ্ঞপ্তি-

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক **কিশোরগঞ্জ জেলাস্থ মিঠামইন উপজেলায় রাষ্ট্রপতি আবদুল হামিদ স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে "জমি অধিগ্রহণ"** প্রকল্পের ওপর 'প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র সভা আগামী ২৭-০৩-২০২৩ খ্রিঃ তারিখ (সোমবার), বিকাল- ০৩:০০ টায় সভা (অনলাইন প্লাটফর্ম zoom এ) মন্ত্রণালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন মন্ত্রণালয়ের সচিব ড. মহিউদ্দীন আহমেদ।

০২। সভার আলোচ্যসূচিঃ

(ক) ২০২২-২৩ অর্থবছরে মার্চ/২০২৩ পর্যন্ত প্রকল্পের অগ্রগতি (ভৌত ও আর্থিক) পর্যালোচনা;

(খ) প্রকল্প বাস্তবায়ন সমস্যা/নীতিগত সিদ্ধান্তের বিষয়ে আলোচনা;

(গ) বিবিধ।

০৩। সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত/ভার্চুয়ালি (zoom App এর মাধ্যমে) সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

| | | |
|---|---|---|
| Zoom Meeting Link | : | https://us06web.zoom.us/j/89202260245?pwd=Wjlid0J3UzBGTzdrUGp5aWMycUNldz09 |
| Meeting ID | : | 892 0226 0245 |
| Password | : | 1234 |

২১.০৩.২০২৩

(মোঃ তোফায়েল হোসেন)
সহকারী সচিব (পরিকল্পনা- ০৪ শাখা)
ফোন নং- ০২৪৭১২৪৪৩৫

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ- যুগ্মসচিব, বাজেট-০৭]।
০২। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃঃ আঃ যুগ্মপ্রধান]।
০৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃঃ আঃ- যুগ্মপ্রধান]।
০৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃঃ আঃ- মহাপরিচালক, শিক্ষা-সামাজিক সেক্টর]।
০৫। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃঃ আঃ- যুগ্মপ্রধান, স্কাইসোয়াম উইং]।
০৬। অতিরিক্ত সচিব (ক্রীড়া- ০১ অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। যুগ্মপ্রধান, এনইসি একনেক-সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৮। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা- ১০০০।
০৯। যুগ্মসচিব (পরিকল্পনা- ০৩ শাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, **কিশোরগঞ্জ জেলাস্থ মিঠামইন উপজেলায় রাষ্ট্রপতি আবদুল হামিদ স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে "জমি অধিগ্রহণ"** প্রকল্প, জাতীয় ক্রীড়া পরিষদ, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা [সভায় প্রকল্পের হালনাগাদ আর্থিক ও বাস্তব অগ্রগতি এবং প্রতিটি কম্পোনেন্টের পৃথক পৃথক তথ্যসহ সংযুক্ত থাকার অনুরোধসহ]।
১১। পরিচালক (পঃ ও উঃ), জাতীয় ক্রীড়া পরিষদ, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা।
১২। উপসচিব (উন্নয়ন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

০১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-০১), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সহকারী পরিচালক (পঃ ও উঃ)/পরিকল্পনা কর্মকর্তা, জাতীয় ক্রীড়া পরিষদ, ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা [সভায় প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের অনুরোধসহ]।
০৫। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন 'উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **ড. মহিউদ্দীন আহমেদ**<br>সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৭ মার্চ ২০২৩ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

০২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জাতীয় ক্রীড়া পরিষদের সচিব সভাকে অবগত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক 'উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পটি ১৬৪৯৩২.৫২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০২১ হতে জুন/২০২৫ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। দেশের ৬৪ জেলার ১৮৬টি উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি'তে বরাদ্দ রয়েছে ৫১৮১৩.০০ লক্ষ টাকা। প্রকল্পটি 'বি' ক্যাটাগরিভুক্ত বিধায় অর্থ বিভাগের ১২ মার্চ ২০২৩ তারিখের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী বরাদ্দকৃত অর্থের ১৫% সংরক্ষণপূর্বক অবশিষ্ট অর্থ ব্যয়ের সুযোগ রয়েছে। ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত প্রকল্পের অনুকূলে অর্থছাড় করা হয়েছে ২৮৬২.৭৫ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৭৮৪.৭৬ লক্ষ টাকা। প্রকল্পের শুরু হতে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১৯৯৯৪.৭৬ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ১২.১%)।

০৩। প্রকল্প পরিচালক সভায় অবহিত করে যে, প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে পূর্তকাজের ব্যয় ধরা হয়েছিল গণপূর্ত অধিদপ্তরের ২০১৮ সনের রেট সিডিউল অনুযায়ী । প্রকল্পের আওতায় স্টেডিয়াম নির্মাণের জন্য জমি অধিগ্রহণের পর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করে সয়েল টেস্ট ও কাঠামোগত ডিজাইন করা হয়। পরামর্শক প্রতিষ্ঠানের ডিজাইন প্রাপ্তির পর দেখা যায় যে, ৭০টি উপজেলার মধ্যে ৩৬টি উপজেলার প্যাভিলিয়ন ভবন এবং গ্যালারীতে পাইল ফাউন্ডেশন প্রয়োজন। পাইল ফাউন্ডেশন ছাড়া এই ৩৬টি উপজেলার প্যাভিলিয়ন ভবন এবং গ্যালারী কোনভাবেই নির্মাণ করা সম্ভব নয়। পর্যালোচনায় দেখা যায় যে, বেশীরভাগ ভবনই পাইল ফাউন্ডেশনের মাধ্যমে নির্মাণ করার প্রয়োজন হবে। এ পাইল ফাউন্ডেশনের অতিরিক্ত কাজ Non Tender Item হিসেবে ২০২২ এর গণপূর্ত অধিদপ্তরের সর্বশেষ রেট সিডিউল অনুযায়ী বাস্তবায়ন করতে গেলে উপজেলাসমূহের জন্য স্টেডিয়াম নির্মাণে অনুমোদিত ডিপিপিতে যে ব্যয় ধরা আছে তার চেয়ে বেশী অর্থের প্রয়োজন হবে। নির্মাণ কাজ চলমান রাখার স্বার্থে Non Tender Item হিসেবে ৩৬টি উপজেলার প্যাভিলিয়ন ভবন এবং গ্যালারী পাইল ফাউন্ডেশনের মাধ্যমে নির্মাণ করার অনুমতি প্রয়োজন । এ পরিপ্রেক্ষিতে সভাকে অবগত করা হয় যে, সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ অনুমোদন ও সংশোধন নির্দেশিকার ২১.১২ নং অনুচ্ছেদ অনুসারে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রখার স্বার্থে নতুন কোন অংগ অর্ন্তভুক্তি অথবা অনুমোদিত অংগের ব্যয়/পরিমাণের কোন পরিবর্তন একান্ত অপরিহার্য হলে পরিকল্পনা কমিশনের অনুমোদন নিয়ে নতুন কার্যক্রম করা যাবে। এ নতুন কার্যক্রমের ব্যয় ৫% এর বেশী হবে না। এ পরিপ্রেক্ষিতে প্রকল্প পরিচালক জানান যে, ইতোপূর্বে জমি অধিগ্রহণের জন্য এ অনুমতি নেয়া হলেও তার প্রয়োজন হয়নি। সভাপতি জমি অধিগ্রহণের জন্য ৫% অতিরিক্ত অর্থ ব্যয়ের অনুমতি পরিবর্তন করে উপজেলার প্যাভিলিয়ন ভবন এবং গ্যালারী পাইল ফাউন্ডেশনের মাধ্যমে করার অনুমতি নেয়ার জন্য পরিকল্পনা কমিশনকে পত্র দেয়া যৌক্তিক মর্মে মতামত ব্যক্ত করেন। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

০৪। সভায় উল্লেখ করা হয় যে, যেসকল উপজেলায় স্টেডিয়াম নির্মাণের দরপত্র বর্তমান ২০২২-২৩ অর্থ বৎসরে আহবান করা হবে, তার প্রাক্কলন গনপূর্ত অধিদপ্তরের সর্বশেষ রেট সিডিউল অনুযায়ী করা না হলে রেসপনসিভ দরদাতা পাওয়া যাবে না। বর্তমান রেট সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করা হলে প্রতি উপজেলার স্টেডিয়াম নির্মাণের প্রাক্কলিত ব্যয় ডিপিপি অনুমোদিত ব্যয় হতে বৃদ্ধি পাবে। সভায় এ বিষয়ে করনীয় সম্পর্কে জানতে চাইলে পরিকল্পনা কমিশনের প্রতিনিধি সভাকে অবগত করেন যে, এ ক্ষেত্রে বর্তমান রেট সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে কিন্তু চুক্তি করার সময় এ খাতে ডিপিপিতে যে অর্থ বরাদ্দ রয়েছে সে পরিমাণ অর্থের চুক্তি করতে হবে। পরবর্তীতে ডিপিপি সংশোধন করে অবশিষ্ট অর্থ পাওয়ার পর অবশিষ্ট অর্থের চুক্তি করতে হবে।

০৫। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান যে, DPP-তে প্যাভিলিয়ন ভবনের ৩য় তলার ছাদে Steel Shed আছে। কিন্তু উপকূলীয় এলাকায় Steel Shed নির্মাণ করলে বৈরী আবহাওয়ার কারণে উক্ত শেড দীর্ঘস্থায়ী নাও হতে পারে। তাই উপকূলীয় এলাকার জন্য প্যাভিলিয়ন ভবনের ৩য় তলায় Steel Shed এর পরিবর্তে আরসিসি ছাদ করা প্রয়োজন। সভাপতি ভবনটি টেকসই করার জন্য ডিপিপি সংশোধনের সময় উপকূলীয় এলাকায় ৩য় তলার ছাদে Steel Shed করার বিষয়টি অর্ন্তভুক্ত করার পরামর্শ দেন।

০৬। সভায় উল্লেখ করা হয় যে, 'উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের আওতায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ কার্যক্রমটি মাননীয় প্রধানমন্ত্রীর একটি অগ্রাধিকার কার্যক্রম। বর্তমান সরকারের মেয়াদেই অবশিষ্ট উপজেলাগুলোতে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে মর্মে মাননীয় প্রধানমন্ত্রী একনেক সভায় সদয় নির্দেশনা প্রদান করছেন। তাই প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়নের জন্য সর্বাত্বক প্রচেষ্টা চালিয়ে যাওয়ার জন্য সভাপতি জাতীয় ক্রীড়া পরিষদের সচিব ও প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

০৭। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়:

৭.১ প্রকল্পের আওতায় যেসকল উপজেলার প্যাভিলিয়ন ভবন এবং গ্যালারীতে পাইল ফাউন্ডেশনের প্রয়োজন হবে সেসকল উপজেলায় প্যাভিলিয়ন ভবন এবং গ্যালারী পাইল ফাউন্ডেশনের মাধ্যমে করা যেতে পারে। প্যাভিলিয়ন ভবন এবং গ্যালারী পাইল ফাউন্ডেশনের মাধ্যমে করার অনুমতি পরিকল্পনা কমিশন হতে নিতে হবে।

৭.২ প্রকল্পের অবশিষ্ট উপজেলার দরপত্র আহবানের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের সর্বশেষ ২০২২ দর সিডিউল অনুযায়ী প্রাক্কলন করে দরপত্র আহবান করতে হবে। কিন্তু চুক্তি করার সময় এ খাতে ডিপিপিতে যে অর্থ বরাদ্দ রয়েছে সে পরিমাণ অর্থের চুক্তি করতে হবে।

৭.৩ প্রকল্পের আওতায় উপকূলীয় এলাকার উপজেলাসমূহে প্যাভিলিয়ন ভবণের ৩য় তলায় Steel Shed এর পরিবর্তে আরসিসি সেড নির্মাণ করার উদ্যোগ নিতে হবে। ডিপিপি সংশোধের সময় এ বিষয়টি অর্ন্তভুক্ত করতে হবে।

৭.৪ শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ কার্যক্রমটি মাননীয় প্রধানমন্ত্রীর একটি অগ্রাধিকার কার্যক্রম বিধায় প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়নের জন্য সর্বাত্বক প্রচেষ্টা চালিয়ে যেতে হবে।

০৮। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/০৩/২০২৩
( ড. মহিউদ্দীন আহমেদ )
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন "কিশোরগঞ্জ জেলাস্থ মিঠামইন উপজেলায় রাষ্ট্রপতি আবদুল হামিদ স্টেডিয়াম' নির্মাণের জন্য 'জমি অধিগ্রহণ" শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মহিউদ্দীন আহমেদ<br>সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | | ২৭ মার্চ ২০২৩ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ র তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

০২। সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কাযর্ক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদের আলোচ্য প্রকল্পটি ২৭৬১.০৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০২১ হতে জুন/২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। কিশোরগঞ্জ জেলাস্থ মিঠামইন উপজেলায় রাষ্ট্রপতি আবদুল হামিদ স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে ৬.৮৭ একর জমি অধিগ্রহণের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

০৩। সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১২ ফেব্রুয়ারি/২০২৩ তারিখ অনুমোদিত হয়। মন্ত্রণালয় হতে ০১ মার্চ ২০২৩ তারিখ প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরের সংশোধিত এডিপি'তে কোন বরাদ্দ নেই। প্রকল্পটির অনুকূলে প্রকল্প কোড প্রদানের জন্য ইতোমধ্যে অর্থ বিভাগে আবেদন করা হয়েছে। প্রকল্প কোড পাওয়ার পর প্রকল্পটি ADP/RADP Management System (AMS) Software এর অননুমোদিত প্রকল্পের তালিকা হতে অনুমোদিত প্রকল্পের তালিকায় নেয়ার ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। জাতীয় ক্রীড়া পরিষদের প্রতিনিধি উল্লেখ করেন যে, প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরের সংশোধিত এডিপি'তে কোন বরাদ্দ নেই বিধায় প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম শুরু করার জন্য মন্ত্রণালয়ের অন্য প্রকল্প হতে উপযোজনের মাধ্যমে অর্থ প্রদান করা যেতে পারে। সভাপতি উপযোজনের মাধ্যমে এ প্রকল্পে অর্থ প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জাতীয় ক্রীড়া পরিষদকে নির্দেশনা প্রদান করেন।

০৫। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৫.১ ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি'তে মন্ত্রণালয়ের অন্য প্রকল্প হতে উপযোজনের মাধ্যমে এ প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দ প্রদানের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৬। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/০৩/২০২৩
**( ড. মহিউদ্দীন আহমেদ )**
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন 'চাঁদপুর জেলা স্টেডিয়াম ও সুইমিং পুলের অধিকতর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম নির্মাণ এবং শরীয়তপুর জেলা সদরে ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্ট নির্মাণ' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মহিউদ্দীন আহমেদ<br>সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | | ২৭ মার্চ ২০২৩ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

০২। সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদের আলোচ্য প্রকল্পটি ৪৯৬৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০২১ হতে জুন/২০২৪ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটি 'বি' ক্যাটাগরিভুক্ত হওয়ায় অর্থ বিভাগের ১২ মার্চ ২০২৩ তারিখের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১৫% সংরক্ষণপূর্বক অর্থ ব্যয়ের সুযোগ রয়েছে। চলতি ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে কোন অর্থ বরাদ্দ ছিল না। সংশোধিতএডিপি'তে প্রকল্পের অনুকূলে ১০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে চাঁদপুর জেলা স্টেডিয়াম ও সুইমিংপুলের অধিকতর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম নির্মাণ এবং শরীয়তপুর জেলা সদরে ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্ট নির্মাণ করা হবে।

০৩। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় নির্মাণ কাজের দরপত্র গৃহীত হয়েছে এবং দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি কর্মপরিকল্পনা অনুযায়ী সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করার জন্যও প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে প্রকল্পের বিষয়ে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১ প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত বাস্তবায়ন কাজ শুরু করতে হবে।

৪.২ কর্মপরিকল্পনা অনুযায়ী সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।

০৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/০৩/২০২৩
( ড. মহিউদ্দীন আহমেদ )
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন 'গাজীপুর জেলাস্থ শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম এবং পটুয়াখালী জেলাস্থ কাজী আবুল কাসেম স্টেডিয়াম এর অধিকতর উন্নয়ন' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মহিউদ্দীন আহমেদ<br>সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৭ মার্চ ২০২৩ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

০২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাকে অবহিত করা হয় যে, জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক আলোচ্য প্রকল্পটি ৪৯১০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ডিসেম্বর/২০২১ হতে জুন/২০২৪ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটি 'বি' ক্যাটাগরিভুক্ত বিধায় অর্থ বিভাগের ১২ মার্চ ২০২৩ তারিখের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১৫% সংরক্ষণপূর্বক অর্থ ব্যয়ের সুযোগ রয়েছে। চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে ১০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। গাজীপুর ও পটুয়াখালী জেলায় খেলাধুলার মানোন্নয়নের লক্ষ্যে শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম এবং পটুয়াখালী জেলাস্থ কাজী আবুল কাসেম স্টেডিয়াম এর অধিকতর উন্নয়নের লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

০৩। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের নির্মাণ কাজের দরপত্র গৃহীত হয়েছে এবং দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি চলতি ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করার জন্যও প্রকল্প পরিচালককে নির্দেশ দেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে প্রকল্পের বিষয়ে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১ প্রকল্পের বাস্তবায়ন কাজ ত্বরান্বিত করতে হবে।

৪.২ কর্মপরিকল্পনা অনুযায়ী সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।

০৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/০৩/২০২৩
( ড. মহিউদ্দীন আহমেদ )
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন 'মাদারীপুর জেলাস্থ শিবচর উপজেলা ও ভোলা জেলাস্থ চরফ্যাশন উপজেলা শেখ রাসেল মিনি স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন এবং গাজীপুর জেলা সদরে সুইমিংপুল নির্মাণ' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মহিউদ্দীন আহমেদ<br>সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | | ২৭ মার্চ ২০২৩ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

০২। সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কাযর্ক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদের আলোচ্য প্রকল্পটি ৩৫১৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০২১ হতে জুন/২০২৪ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটি 'বি' ক্যাটাগরিভুক্ত হওয়ায় অর্থ বিভাগের ১২ মার্চ ২০২৩ তারিখের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১৫% সংরক্ষণপূর্বক অর্থ ব্যয়ের সুযোগ রয়েছে। প্রকল্পের অনুকূলে চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি'তে ১৯৬৯.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। চলতি অর্থবছরে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত প্রকল্পের অনুকূলে ছাড় করা হয়েছে ২৯৯.৮৭ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ২৯৯.৮৭ লক্ষ টাকা। প্রকল্পের শুরু হতে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৩১৯.৮৭ লক্ষ টাকা (৯.১%)। প্রকল্পের আওতায় মাদারীপুর জেলার শিবচর উপজেলায় ও ভোলা জেলার চরফ্যাশন উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন করা হবে এবং গাজীপুর জেলা সদরে সুইমিংপুল নির্মাণের সুযোগ সৃষ্টি হবে।

০৩। প্রকল্প পরিচালক সভাকে প্রকল্প কার্যক্রমের হালনাগাদ অগ্রগতি সভাকে অবহিত করেন। তিনি জানান যে, প্রকল্পের আওতায় গাজীপুর অংশে সুইমিংপুল নির্মাণের লক্ষ্যে জমি অধিগ্রহণ সম্পন্ন করে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম শুরু করা প্রয়োজন। সভাপতি প্রকল্পের গাজীপুর অংশের জমি অধিগ্রহণের কার্যক্রম সম্পন্ন করে সুইমিংপুল নির্মাণের কার্যক্রম দ্রুত শুরু করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও তিনি কর্মপরিকল্পনা অনুযায়ী সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করাসহ প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে প্রকল্পের বিষয়ে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১ প্রকল্পের আওতায় গাজীপুর অংশের জমি অধিগ্রহণের কাজ শেষ করে সুইমিংপুল নির্মাণের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে।

৪.২ কর্মপরিকল্পনা অনুযায়ী সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।

৪.৩ প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।

০৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/০৩/২০২৩
**( ড. মহিউদ্দীন আহমেদ )**
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন 'মানিকগঞ্জ জেলায় আন্তর্জাতিক মানের ক্রিকেট স্টেডিয়াম নির্মাণ ফিজিবিলিটি স্ট্যাডি' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মহিউদ্দীন আহমেদ<br>সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৭ মার্চ ২০২৩ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

০২। সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদের আলোচ্য প্রকল্পটি ৩৩৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০২১ হতে জুন/২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটি 'বি' ক্যাটাগরিভুক্ত হলেও সমাপ্তির জন্য নির্ধারিত হওয়ায় ১২ মার্চ ২০২৩ তারিখের অর্থ বিভাগের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের সমুদয় অর্থ ব্যয়ের সুযোগ রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি'তে ৩২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি অর্থবছরে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত প্রকল্পের অনুকূলে অবমুক্ত হয়েছে ১০১.২৪ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১০১.২৪ লক্ষ টাকা । প্রকল্পের শুরু হতে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১১১.২৪ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৩৩.২%)। মানিকগঞ্জ জেলায় আন্তর্জাতিক মানের ক্রিকেট স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্নের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

০৩। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন ইতোমধ্যে চূড়ান্ত করা হয়েছে। সভাপতি প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করার নির্দেশনা প্রদান করেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদন অবিলম্বে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

০৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/০৩/২০২৩
**( ড. মহিউদ্দীন আহমেদ )**
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন 'ভোলা জেলাস্থ গজনবী স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন, ইনডোর স্টেডিয়াম এবং সুইমিংপুল নির্মাণ' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **ড. মহিউদ্দীন আহমেদ**<br>সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৭ মার্চ ২০২৩ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | | পরিশিষ্ট 'ক'। |

০২। সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদের আলোচ্য প্রকল্পটি ৪৬৭৫.৪৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০২০ হতে ডিসেম্বর/২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটি 'বি' ক্যাটাগরিভুক্ত হওয়ায় অর্থ বিভাগের ১২ মার্চ ২০২৩ তারিখের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১৫% সংরক্ষণপূর্বক অর্থ ব্যয়ের সুযোগ রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি'তে ১২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। চলতি অর্থবছরে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত প্রকল্পের অনুকূলে অবমুক্ত করা হয়েছে ৩৭৫.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৩৭৫.০০ লক্ষ টাকা করা। প্রকল্পের শুরু থেকে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪৮৫.০০ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ১০.৪%)। এ প্রকল্পের মাধ্যমে ভোলা জেলায় ফুটবল, ক্রিকেট, সাঁতারসহ সকল আউটডোর ও ইনডোর খেলার মান উন্নয়নের লক্ষ্যে বিদ্যমান স্টেডিয়ামের উন্নয়ন এবং ইনডোর স্টেডিয়াম ও সুইমিংপুল নির্মাণের সুযোগ সৃষ্টি হবে।

০৩। প্রকল্প পরিচালক প্রকল্পের চলমান কাজের অগ্রগতি সভাকে অবহিত করেন। তিনি জানান যে, প্রকল্পটির মেয়াদ ইতোমধ্যে ০১ বছর বৃদ্ধি করা হয়েছে। সভাপতি বর্ধিত মেয়াদে প্রকল্পের সমুদয় কাজ যথাযথভাবে সম্পন্ন করে সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১ কর্মপরিকল্পনা অনুযায়ী সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।

৪.২ নির্ধারিত মেয়াদে অর্থাৎ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে প্রকল্পের সমুদয় কাজ সম্পন্ন করার লক্ষ্যে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রনণয়ন করে তা বাস্তবায়ন করতে হবে।

০৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/০৩/২০২৩
**( ড. মহিউদ্দীন আহমেদ )**
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন 'বরিশাল আব্দুর রব সেরনিয়াবাত স্টেডিয়ামকে আন্তর্জাতিকমানের উন্নীতকরণ এবং বিদ্যমান জেলা সুইমিংপুলের উন্নয়ন' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **ড. মহিউদ্দীন আহমেদ**<br>সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৭ মার্চ ২০২৩ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

০২। সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদের আলোচ্য প্রকল্পটি ৪৯৯৮.৮৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর/২০১৯ হতে জুন/২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটি 'বি' ক্যাটাগরিভুক্ত হওয়ায় অর্থ বিভাগের ১২ মার্চ ২০২৩ তারিখের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১৫% সংরক্ষণপূর্বক অর্থ ব্যয়ের সুযোগ রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি'তে ১৯০৯.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত ১৮৫.৫০ লক্ষ টাকা অবমুক্ত এবং ১৮৫.৫০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। প্রকল্পের শুরু থেকে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১১৯৫.৫০ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ২৩.৯%)। এ প্রকল্পের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ আয়োজনের লক্ষ্যে বরিশাল জেলাস্থ আব্দুর রব সেরনিয়াবাত স্টেডিয়ামটিকে আধুনিকায়ন এবং সুইমিংপুলের সংস্কার ও উন্নয়নের সুযোগ সৃষ্টি হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে স্টেডিয়ামে ১১ হাজার ৪০০ জন দর্শক স্টেডিয়ামের গ্যালারীতে বসে খেলা উপভোগের সুযোগ সৃষ্টিসহ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা সম্ভব হবে।

০৩। সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পের সুইমিংপুলটি অত্যন্ত জরাজীর্ণ বিধায় এর অধিকতর উন্নয়ন না করে নতুন করে নির্মাণ করার লক্ষ্যে প্রকল্পের ১ম সংশোধন প্রস্তাব ইতোমধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের সংশোধনের প্রস্তাব দ্রুত অনুমোদন করার জন্য সভাপতি পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশ প্রদান করেন। কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি অর্থবছরের সংশোধিত এডিপি'তে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিতকরণের জন্যও তিনি প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১ প্রকল্পের ১ম সংশোধনের প্রস্তাব দ্রুত অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

৪.২ ২০২২-২৩ অর্থবছরে সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।

০৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/০৩/২০২৩
**( ড. মহিউদ্দীন আহমেদ )**
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন 'শেখ কামাল স্টেডিয়াম, কুষ্টিয়া এর অধিকতর উন্নয়ন' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মহিউদ্দীন আহমেদ<br>সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৭ মার্চ ২০২৩ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

০২। সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কাযর্ক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদের আলোচ্য প্রকল্পটি ৪০০১.১৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০২০ হতে জুন/২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটি 'বি' ক্যাটাগরিভুক্ত হওয়ায় অর্থ বিভাগের ১২ মার্চ ২০২৩ তারিখের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রকল্পের অনুকুলে বরাদ্দকৃত অর্থের ১৫% সংরক্ষণপূর্বক অর্থ ব্যয়ের সুযোগ রয়েছে। প্রকল্পটির অনুকুলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি'তে ১১০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। চলতি অর্থবছরে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত প্রকল্পের অনুকূলে অবমুক্ত করা হয়েছে ২০০.৬৩ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ২০০.৬৩ লক্ষ টাকা করা । প্রকল্পের শুরু হতে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১১৭৪.৬৩ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ২৯.৪%)। এ প্রকল্পের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে শেখ কামাল স্টেডিয়াম, কুষ্টিয়া-এর অবকাঠামোগত উন্নয়নের সুযোগ সৃষ্টি হবে।

০৩। সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পটির মেয়াদ জুন/২০২৩ পর্যন্ত হলেও প্রকল্পটি জুন/২০২৩ এ সমাপ্ত করা সম্ভব হবে না বিধায় প্রকল্পটি সংশোধন করা প্রয়োজন। সভাপতি প্রকল্পের ডিপিপি সংশোধনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতি প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিতকরণের জন্য ঠিকাদারকে তাগিদ দেওয়াসহ কর্মপরিকল্পনা অনুযায়ী সংশোধিত এডিপি'তে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিতকরণের জন্যও প্রকল্প পরিচালককে নির্দেশ দেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১ অতিদ্রুত প্রকল্পের ডিপিপি সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪.২ প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে ঠিকাদারকে তাগিদ দেওয়াসহ মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।

৪.৩ চলতি ২০২২-২৩ অর্থবছরে সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।

০৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/০৩/২০২৩
**( ড. মহিউদ্দীন আহমেদ )**
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন 'পাবনা শহীদ এ্যাডভোকেট আমিন উদ্দিন স্টেডিয়াম এবং বিদ্যমান সুইমিংপুলের উন্নয়ন, ইনডোর ক্রিকেট নেট প্রাকটিস সেড নির্মাণ এবং শরীয়তপুর জেলা স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মহিউদ্দীন আহমেদ<br>সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৭ মার্চ ২০২৩ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

০২। সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কাযর্ক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদের আলোচ্য প্রকল্পটি ৩৭৬৭.৪২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি/২০২০ হতে ডিসেম্বর/২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটি 'বি' ক্যাটাগরিভুক্ত হওয়ায় অর্থ বিভাগের ১২ মার্চ ২০২৩ তারিখের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১৫% সংরক্ষণপূর্বক অর্থ ব্যয়ের সুযোগ রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি'তে ১৫২৪.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। চলতি অর্থবছরে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত প্রকল্পের অনুকূলে অবমুক্ত হয়েছে ২৪০.৬২ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ২৪০.৬২ লক্ষ টাকা। প্রকল্পের শুরু হতে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১৭৯০.৬২ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৪৭.৫%)। প্রকল্পের আওতায় পাবনা জেলার শহীদ এ্যাডভোকেট আমিন উদ্দিন স্টেডিয়াম ও সুইমিংপুলের উন্নয়ন, ইনডোর ক্রিকেট নেট প্র্যাকটিস শেড নির্মাণ করা এবং শরীয়তপুর জেলা স্টেডিয়ামের অধিকতর উন্নয়নের সুযোগ সৃষ্টি করা হবে।

০৩। সভায় অবহিত করা হয় যে, প্রকল্পের ১ম সংশোধনের লক্ষ্যে সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের অনুমোদিত মেয়াদ ডিসেম্বর/২০২২ এ শেষ হয়েছে বিধায় সংশোধিত ডিপিপি অনুমোদন ব্যতিত প্রকল্পের অনুকূলে অর্থ ছাড়ের সুযোগ নেই। এ পরিপ্রেক্ষিতে সভাপতি প্রকল্পের সংশোধন প্রস্তাব অনুমোদনের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য জাতীয় ক্রীড়া পরিষদকে নির্দেশনা প্রদান করেন। সভাকে অবগত করা হয় যে, পরিকল্পনা কমিশনের অনুমিক্রমে অর্থ বিভাগের সম্মতিক্রমে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা যাবে। সভাপতি পরিকল্পনা কমিশন হতে অর্থ ছাড়ে সম্মতি গ্রহনের জন্য নির্ধারিত ছকে প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশ প্রদান করেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১ প্রকল্পের সংশোধনের প্রস্তাব দ্রুত অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

৪.২ প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরের সংশোধিত এডিপি'তে বরাদ্দকৃত অর্থ ছাড়ের জন্য পরিকল্পনা কমিশনের অনুমতি গ্রহণের লক্ষ্যে নির্ধারিত ছকে প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪.৩ প্রকল্পের মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।

০৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/০৩/২০২৩
( ড. মহিউদ্দীন আহমেদ )
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন 'ঢাকাস্থ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **ড. মহিউদ্দীন আহমেদ**<br>সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৭ মার্চ ২০২৩ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

০২। সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরের বর্ণিত প্রকল্পটি ৯৮৩৬.২৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০১৯ হতে ডিসেম্বর/২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটি 'বি' ক্যাটাগরিভুক্ত হওয়ায় অর্থ বিভাগের ১২ মার্চ ২০২৩ তারিখের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১৫% সংরক্ষণপূর্বক অর্থ ব্যয়ের সুযোগ রয়েছে। প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি'তে ৩৩৮০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। চলতি অর্থবছরে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত প্রকল্পের অনুকূলে অবমুক্ত করা হয়েছে ৪৯২.০১ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৪৯২.০১ লক্ষ টাকা। প্রকল্পের শুরু হতে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৩০১৬.০১ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৩০.৭%)। প্রকল্পের আওতায় জাতীয় ও আন্তর্জাতিক ফুটবলসহ অন্যান্য ইভেন্টের খেলা আয়োজনের লক্ষ্যে বঙ্গবন্ধু স্টেডিয়ামকে আধুনিকায়ন এবং ২৫ হাজার দর্শক ধারণক্ষমতার গ্যালারী তৈরি করার সুযোগ সৃষ্টি হবে।

০৩। সভায় অবহিত করা হয় যে, প্রকল্পের ১ম সংশোধনের লক্ষ্যে সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের মেয়াদ ডিসেম্বর/২০২২ মাসে ইতোমধ্যে সমাপ্ত হয়েছে বিধায় সংশোধিত ডিপিপি অনুমোদন ব্যতিত প্রকল্পের অনুকূলে অর্থ ছাড়ের সুযোগ নেই। এ পরিপ্রেক্ষিতে সভাকে অবগত করা হয় যে, সংশোধিত অননুমোদিত প্রকল্পের ক্ষেত্রে পরিকল্পনা কমিশনের সম্মতিতে প্রকল্পের অনুকূলে অর্থ ছাড় করা যাবে। সভাপতি প্রকল্পের অর্থ ছাড়ে পরিকল্পনা কমিশনের সম্মতি গ্রহণের জন্য নির্ধারিত ছকে দ্রুত প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি প্রকল্পের ডিপিপি সংশোধনের প্রস্তাব দ্রুত অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখারও নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় উল্লেখ করা হয় যে, বঙ্গবন্ধু স্টেডিয়ামে আন্তর্জাতিক ম্যাচ আয়োজনের লক্ষ্যে স্টেডিয়ামের টার্ফ সংস্থাপনসহ, টয়লেট, ড্রেসিংরুম, মিডিয়া সেন্টার ও অন্যান্য কাজ সম্পন্ন করে মাঠের অন্যান্য কাজ সম্পন্ন করে দ্রুত মাঠটি খেলার উপযোগী করা প্রয়োজন। সভাপতি স্টেডিয়ামের মাঠকে দ্রুত খেলার উপযোগী করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৫। বিস্তারিত আলোচনান্তে প্রকল্পের বিষয়ে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৫.১ প্রকল্পের সংশোধনের প্রস্তাব দ্রুত অনুমোদন লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

৫.২ প্রকল্পের অর্থ ছাড়ে পরিকল্পনা কমিশনের সম্মতি গ্রহণের জন্য নির্ধারিত ছকে প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৫.৩ স্টেডিয়ামকে দ্রুত খেলার উপযোগী করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৬। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/০৩/২০২৩
**( ড. মহিউদ্দীন আহমেদ )**
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন 'প্রতিবন্ধী ক্রীড়াবিদদের জন্য প্যাভিলিয়ন ভবন নির্মাণসহ খেলার মাঠ উন্নয়ন' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **ড. মহিউদ্দীন আহমেদ**<br>সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৭ মার্চ ২০২৩ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

০২। সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কাযর্ক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদের আলোচ্য প্রকল্পটি ১৩৯৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর/২০২১ হতে জুন/২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটি 'বি' ক্যাটাগরিভুক্ত হওয়ায় অর্থ বিভাগের ১২ মার্চ ২০২৩ তারিখের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১৫% সংরক্ষণপূর্বক অর্থ ব্যয়ের সুযোগ রয়েছে। চলতি অর্থবছরের সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে ১১৯৫.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত অবমুক্ত করা হয়েছে ২৯৯.৭৫ লক্ষ টাকা। প্রকল্পের শুরু থেকে ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১০.০০ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ০.৭%)। প্রতিবন্ধীদের জন্য ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনাসহ ক্রীড়া অনুশীলনের জন্য অবকাঠামো সুবিধাদি নির্মাণের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

০৩। সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পটি জুন/২০২৩ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। গত মাসে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের এডিপি পর্যালোচনা সভায় প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলেও মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে অদ্যাবধি পাওয়া যায়নি। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রকল্প সমাপ্তির ০৩ মাস পূর্বে নির্ধারিত ছকে আইএমইডি'তে প্রেরণের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের ডিপিপি সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে এবং শীঘ্রই সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। তিনি আরও জানান যে, প্রকল্প এলাকা/সাইট বুঝে নিয়ে নির্মাণ কাজ দ্রুত শুরু করতে হবে।

০৪। প্রকল্পটির বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী অবগত রয়েছেন মর্মে সভাপতি উল্লেখ করেন। প্রকল্পের বাস্তবায়ন কাজ দ্রুত সম্পন্নের জন্য জাতীয় ক্রীড়া পরিষদের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। এছাড়াও সভাপতি প্রকল্পে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণসহ চলতি অর্থবছরের সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৫। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৫.১ প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব নির্ধারিত ছকে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৫.২ প্রকল্পের নির্মাণ কাজ শুরু করার লক্ষ্যে প্রকল্প এলাকা/সাইট দ্রুত বুঝে নিতে হবে।

৫.৩ চলতি অর্থবছরের সংশোধিত এডিপি'তে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।

০৬। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/০৩/২০২৩
**( ড. মহিউদ্দীন আহমেদ )**
সচিব

বিষয় ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন নিম্নোক্ত প্রকল্পসমূহের ওপর অনুষ্ঠিত 'প্রকল্প স্টিয়ারিং কমিটি'র সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের উপস্থিতি তালিকাঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম |
|---|---|
| ০১ | উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ- ২য় পর্যায় |
| ০২ | প্রতিবন্ধী ক্রীড়াবিদদের জন্য প্যাভিলিয়ন ভবন নির্মাণসহ খেলার মাঠ উন্নয়ন |
| ০৩ | ঢাকাস্থ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন |
| ০৪ | পাবনা শহীদ এ্যাডভোকেট আমিন উদ্দিন স্টেডিয়াম এবং বিদ্যমান সুইমিংপুলের উন্নয়ন, ইনডোর ক্রিকেট নেট প্রাকটিস সেড নির্মাণ এবং শরীয়তপুর জেলা স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন |
| ০৫ | শেখ কামাল স্টেডিয়াম, কুষ্টিয়া এর অধিকতর উন্নয়ন |
| ০৬ | বরিশাল আব্দুর রব সেরনিয়াবাত স্টেডিয়ামকে আন্তর্জাতিকমানে উন্নীতকরণ এবং বিদ্যমান জেলা সুইমিংপুলের উন্নয়ন |
| ০৭ | ভোলা জেলাস্থ গজনবী স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন, ইনডোর স্টেডিয়াম এবং সুইমিংপুল নির্মাণ |
| ০৮ | মানিকগঞ্জ জেলায় আন্তর্জাতিকমানের ক্রিকেট স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে 'সম্ভাব্যতা জরিপ' |
| ০৯ | মাদারীপুর জেলাস্থ শিবচর উপজেলা ও ভোলা জেলাস্থ চরফ্যাশন উপজেলা শেখ রাসেল মিনি স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন এবং গাজীপুর জেলা সদরে সুইমিংপুল নির্মাণ |
| ১০ | চাঁদপুর জেলা স্টেডিয়াম,ও সুইমিংপুলের অধিকতর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম নির্মাণ এবং শরীয়তপুর জেলা সদরে ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্ট নির্মাণ |
| ১১ | গাজীপুর জেলাস্থ শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম এবং পটুয়াখালী জেলাস্থ কাজী আবুল কাসেম স্টেডিয়াম এর অধিকতর উন্নয়ন |
| **ক্রমিক নং** | **নতুন অনুমোদিত প্রকল্পের নাম** |
| ১২ | কিশোরগঞ্জ জেলাস্থ মিঠামইন উপজেলায় রাষ্ট্রপতি আবদুল হামিদ স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে "জমি অধিগ্রহণ" |

সভাপতি ঃ **ড. মহিউদ্দীন আহমেদ, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।**

তারিখ ঃ ২৭-০৩-২০২৩ খ্রিঃ (সোমবার)।

সময় ঃ দুপুর- ০২:১০ টা।

স্থান ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভা কক্ষ।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা | মোবাইল নং/E-mail ID | স্বাক্ষর/তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | মো: মোস্তফা কামাল মজুমদার অতিরিক্ত সচিব (উন্নয়ন) | MoYS | 01712-189567 | [signature] 27.03.2023 |
| ০২ | ড. মো. [illegible] যুগ্মসচিব | MoYS | 01755702737 | [signature] 27/3/23 |
| ০৩ | কাজী মোহ[illegible] যুগ্মসচিব | MoYS | 0[illegible] | [signature] 27/3/23 |
| ০৪ | মো: [illegible] পরিচালক (প্র 3) | NSC | 01711-195435 | [signature] 27/3/23 |
| ০৫ | মাহবুব মোরশেদ [illegible] উপ সচিব ও প্র: প: [illegible] | MoYS | 01726333223 | [signature] 27/3/23 |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা | মোবাইল নং/E-mail ID | স্বাক্ষর/তারিখ |
|---|---|---|---|---|
| ০৬ | সুকুমার সাহা<br>সি: সচিব (চলতি দা:) | NSC | 01711-373795 | [signature] |
| ০৭ | মো: [illegible]<br>সহকারী সচিব | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০১৮১৭৯৭৩৬৬৫২ | [signature]<br>২৭-৬-২৩ |
| ০৮ | | | | |
| ০৯ | | | | |
| ১০ | | | | |
| ১১ | | | | |
| ১২ | | | | |
| ১৩ | | | | |
| ১৪ | | | | |
| ১৫ | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা-০৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রণালয়ের উন্নয়ন অনুবিভাগের শুদ্ধাচার সংশ্লিষ্ট তথ্যাদি প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের চলতি ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার সংশ্লিষ্ট ২.৪নং কার্যক্রমের আলোকে উন্নয়ন অনুবিভাগ হতে যাচিত তথ্যাদি পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(শামীমা আকতার)
উপসচিব
ফোন: ৫৫১০১২৯১
ই-মেইল: ops.moys@gmail.com

অতিরিক্ত সচিব (প্রশাসন)
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃ.আ.: উপসচিব (প্রশাসন)]

---

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৯৪.৯৯.০৫০.২২-২২৬(২)

তারিখ: ১৬ চৈত্র ১৪২৯ / ৩০ মার্চ ২০২৩

অনুলিপি:

০১। যুগ্মসচিব (উন্নয়ন- যুব/ক্রীড়া সংক্রান্ত), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# উন্নয়ন অনুবিভাগের শুদ্ধাচার সংশ্লিষ্ট তথ্যাদি

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন চুক্তি | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২৩ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ২.৪। প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত | ২ | তারিখ | উস (উ:) | | লক্ষ্যমাত্রা | | | | | | | (ক) চলতি ২০২২-২৩ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের মোট ৫টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। এ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের সমাপ্তির জন্য নির্ধারিত কোন প্রকল্প নেই।<br><br>(খ) চলতি ২০২২-২৩ অর্থবছরে জাতীয় ক্রীড়া পরিষদের মোট ১১টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে যার মধ্যে ০১টি প্রকল্পের মেয়াদ চলতি অর্থবছরে সমাপ্ত হবে। জাতীয় ক্রীড়া পরিষদের বাস্তবায়নাধীন প্রকল্পের অনুকূলে চুক্তিভিত্তিক যানবাহন হায়ার করা হয়। PIU এর জন্য ক্রয়কৃত মালামাল/সরঞ্জামাদি অন্যান্য চলমান প্রকল্পে ব্যবহৃত হচ্ছে।<br><br>(গ) বিকেএসপি: বিকেএসপি'র ২টি প্রকল্প ২০২২-২৩ অর্থবছরে সমাপ্ত হবে। 'বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের আওতায় চট্টগ্রাম ও রাজশাহীতে ক্রীড়া স্কুল প্রতিষ্ঠা (৩য় সংশোধিত)' প্রকল্পের আওতায় ০২টি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে। উক্ত মাইক্রোবাস ০২টি টিওএন্ডই-ভুক্ত করণের প্রক্রিয়া চলমান রয়েছে।<br><br>এছাড়াও 'বিকেএসপি'র শ্যুটিং জোনের আধুনিকীকরণ' প্রকল্পের আওতায় ক্রয়কৃত সকল মালামাল ও সরঞ্জামাদি বিকেএসপি'র শ্যুটিং জোনে ব্যবহৃহ হবে। |
| | | | | | | অর্জন | | | | | | | |
| | | | | | | | | | | | | | |